ভোরের কাগজ

তারিখ ........................

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

24 2002

# বগুড়ায় মাদ্রাসা ছাত্রীকে আটকে রেখে ধর্ষণ শিক্ষকসহ গ্রেপ্তার ২

বগুড়া প্রতিনিধি : বগুড়ায় এক মাদ্রাসা ছাত্রীকে আটকে রেখে ধর্ষণ করা হয়েছে। পুলিশ এ ঘটনায় ধর্ষককে গ্রেপ্তার করতে না পারলেও তাকে পালিয়ে যেতে সহযোগিতা করার অভিযোগে একজন মাদ্রাসা শিক্ষকসহ দুজনকে গ্রেপ্তার করেছে।

গত রোববার বগুড়া সদর থানায় দায়ের করা মামলা সূত্রে জানা গেছে, বগুড়া সদরের শাখারিয়া ইউনিয়নের কদিমপাড়া এবতেদায়ী মাদ্রাসার চতুর্থ শ্রেণীর ছাত্রী ঐ বালিকা (১০) গত শনিবার মাদ্রাসা থেকে ফেরার পথে আনোয়ার নামের ঐ এলাকার এক বখাটে যুবক তাকে জোর করে ধরে নিয়ে যায় এবং একটি ঘরে আটকে রেখে ধর্ষণ করে। পরে এলাকাবাসী ঐ যুবককে আটক করে এবং গ্রাম্য সালিসে ধর্ষিতা মেয়েটির সঙ্গে ঐ যুবকের বিয়ে দেওয়ার সিদ্ধান্ত হয়। কিন্তু আনোয়ারের মামা মাদ্রাসা শিক্ষক আব্দুল কাদের ও চাচা ফরিদ উদ্দিন সালিস বৈঠক থেকে ধর্ষককে কৌশলে পালিয়ে যেতে সহযোগিতা করে। পরে পুলিশ এ ঘটনা জানার পর ঐ দুজনকে গ্রেপ্তার করে।